

২০২০

বাংলা

স্নাতকোত্তর

COURSE NO – BNG – 401

পূর্ণমান – ৪০

সময় – ২ ঘন্টা

(পরীক্ষার্থীকে যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে)

যে কোন ২ টি প্রশ্নের উত্তর দাও: (অনধিক ২০০ শব্দে)

৮ X ২ = ১৬

- ১। 'রজনী' উপন্যাসটি গ্রন্থাকারে প্রকাশের সময় বঙ্কিমচন্দ্র একে "নতুন গ্রন্থও বলা যাইতে পারে" বলে মন্তব্য করেছেন। এই মন্তব্যটির গ্রহণযোগ্যতা বিচার করো।
- ২। বঙ্গদর্শন থেকে গ্রন্থাকারে প্রকাশিত 'রজনী' উপন্যাসে রজনী চরিত্রটির কী কী পরিবর্তন ঘটেছে তা দেখাও।
- ৩। 'মেঘনাদবধ কাব্য' -এ পাশ্চাত্য প্রভাব গুলি উল্লেখ করো।
- ৪। রাজশেখর বসু অনূদিত 'মেঘদূত' কতটা আক্ষরিক এবং কতটা ভাবানুবাদ তা সংক্ষেপে আলোচনা করো।

বিভাগ - খ

যে কোন ৪টি প্রশ্নের উত্তর দাও। (অনধিক ১০০ শব্দে)

৪x৪= ১৬

- ৫। বঙ্গদর্শন থেকে গ্রন্থে রূপায়ণের সময় লবঙ্গলতা চরিত্রটির বিবর্তন গুলি সংক্ষেপে দেখাও।
- ৬। 'রজনী' উপন্যাসের চারটি কাহিনীগত পরিবর্তন উল্লেখ করো।
- ৭। রাজশেখর বসু ছাড়া 'মেঘদূত'-এর অন্য চারজন অনুবাদকের নাম ও তাদের গ্রন্থের প্রকাশকাল লেখো।
- ৮। মধুসূদনের নাটকে প্রাচ্য প্রেরণাগুলির সংক্ষিপ্ত পরিচয় দাও।
- ৯। 'বীরঙ্গনা' কাব্যে পাশ্চাত্য প্রভাবের সংক্ষিপ্ত পরিচয় দাও।
- ১০। 'রজনী' উপন্যাসে স্বপ্নদর্শন ঘটনার পাঠান্তরের গুরুত্বটি বিচার করো।
- ১১। জীবনানন্দের কবিতায় ইয়েটসের প্রভাব সংক্ষেপে উল্লেখ করো।
- ১২। " জাতং বংশে ভুবনবিদিতে..... নাধমে লঙ্ক-কামা" উদ্ধৃত শ্লোকটির পাঠ্য গদ্যানুবাদ লেখো।

বিভাগ - গ

যে কোন ৪টি প্রশ্নের উত্তর দাও।

২x৪=৮

- ১৩। পত্রিকায় প্রকাশের সময় 'রজনী' উপন্যাসে কয়টি খন্ড ছিল? গ্রন্থাকারে প্রকাশ কালে কয়টি খন্ড হয়?
- ১৪। লেখকের জীবৎকালে 'রজনী' উপন্যাসের কয়টি সংস্করণ হয়েছিল? সর্বশেষ সংস্করণটি কত সালে প্রকাশ পায়?
- ১৫। অমরনাথ চরিত্রের দুটি বৈশিষ্ট্য যা পত্রিকায় ছিল না কিন্তু গ্রন্থে রয়েছে, সেগুলি উল্লেখ করো।
- ১৬। 'বীরঙ্গনা' কাব্যে নায়িকারূপে মহাভারতের কোন কোন চরিত্রগুলি স্থান পেয়েছে?
- ১৭। 'ব্রজঙ্গনা' কী জাতীয় কাব্য? এতে প্রাচ্যের কোন কাব্যধারার প্রভাব রয়েছে?
- ১৮। এলিয়টের প্রভাব রয়েছে জীবনানন্দের এমন দুটি কবিতার নাম লেখো।
- ১৯। "কশিৎ কান্তাবিরহগুরুণা স্বাধিকারাপ্রমত্তঃ" – উদ্ধৃত অংশটির রাজশেখর বসু কৃত গদ্যানুবাদটি লেখো।
- ২০। "স্নিগ্ধচ্ছায়াতরুণু" – 'ছায়াতরু' শব্দটির মল্লিনাথ কৃত অর্থের পরিচয় দাও।
-